

I. অতিরিক্ত সহায়তা

এই নোটিসের সঙ্গে প্রথম সংযোজনে বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার একটি তালিকা দেওয়া হল যাদের সঙ্গে, বিনামূল্যে অথবা অল্প খরচে ছাত্রছাত্রীদের অধিকার বিষয়ে প্রশ্নের ব্যাপারে সহায়তা লাভ করার জন্য পিতামাতা/ছাত্রছাত্রীরা যোগাযোগ করতে পারেন।

II. আইন সংক্রান্ত এবং ওকালতি পরিশেবা

আপনি বিনামূল্যে অথবা অল্প খরচে আইন সংক্রান্ত বা ওকালতি পরিশেবা লাভ করতে পারেন। এই নোটিসের সঙ্গে দ্বিতীয় সংযোজনটি হল বিভিন্ন অফিস অথবা সংস্থার সীমিত তালিকা, যারা এই কাজে সাহায্য করে থাকে।

III. অধিকারের বর্ণনা

যে সকল যোগ্য ছাত্রছাত্রী শারীরিক প্রতিবন্ধকতা সহ পাবলিক স্কুলে যান তাদের শনাক্তকরণ, মূল্যায়ন এবং প্রতিস্থাপনের (প্লেসমেন্ট) অধিকারের সংক্ষিপ্তসার নীচে দেওয়া হল। আমাদের প্রচেষ্টা হল, আপনার সন্তান বিষয়ে সকল সিদ্ধান্তের কথা আপনাকে জানানো এবং আপনার সন্তান বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার সঙ্গে আপনি একমত না হলে আপনার অধিকার বিষয়ে আপনাকে অবগত করা।

আপনার সন্তানের বিনামূল্যে যথোপযুক্ত শিক্ষালাভের অধিকার আছে। নিম্নলিখিতগুলির জন্য আপনার বা আপনার সন্তানের অধিকার থাকতে পারে :

- আপনার সন্তানকে অপ্রতিবন্ধী ছাত্রছাত্রীদের সঙ্গে সর্বাধিক যতটা উপযুক্ত, ততখানি শিক্ষা দান করা;
- অপ্রতিবন্ধী ছাত্রছাত্রীরা যেসকল ঃক্ষমতা লাভ করেন, তার সঙ্গে তুলনীয় সুবিধা ও সেবাব্যবস্থার মধ্যে আপনার সন্তানকে শিক্ষিত করে তোলা;
- আপনার সন্তান যাতে স্কুলে এবং স্কুল সম্পর্কিত অনুষ্ঠান এবং ক্রিয়াকলাপে সমানভাবে অংশগ্রহণের সুযোগ পেতে পারে, তার জন্য উপযুক্ত স্বাচ্ছন্দবিধানের ব্যবস্থা করা;
- যে কোনো অনুষ্ঠানে যাওয়া এবং ফিরে আসার জন্য উপযুক্ত যানবাহনের ব্যবস্থা করা। যে অনুষ্ঠানগুলি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল দ্বারা অনুষ্ঠিত নয়, কিন্তু পাবলিক স্কুল দ্বারা আপনার সন্তানকে যেখানে অন্তর্ভুক্ত করা হয়েছে। সে পাবলিক স্কুলের অনুষ্ঠানে অংশ নিলে আপনাকে যা খরচ করতে হত এখানে তার চেয়ে বেশী খরচ করতে হবে না;
- যদি প্রয়োজন হয়, তাকে একটি আবাসিক প্রোগ্রামের অন্তর্ভুক্ত করা হবে, যেখানে শিক্ষাদানের জন্য বিনামূল্যে ঘর, বোর্ড এবং চিকিৎসা ব্যবস্থার বাইরে তত্ত্বাবধান লাভের সুবিধা থাকবে;
- পাঠ্যক্রমের বাইরে এবং পাঠ্যক্রম বহির্ভূত যে সকল ক্রিয়া কলাপ পাবলিক স্কুলে হয়ে থাকে, সেগুলিতে অংশগ্রহণ করার সমান সুযোগ;
- শিশুটির শনাক্তকরণ, মূল্যায়ন এবং প্রতিস্থাপন (প্লেসমেন্ট) বিষয়ে নোটিস দেওয়া হবে;
- বিনামূল্যে যথোপযুক্ত শিক্ষা লাভ (পাবলিক স্কুলে) করার মূল্যায়ন। এই মূল্যায়ন কয়েকটি পরীক্ষা এবং কয়েকটি মূল্যায়ন প্রক্রিয়ার দ্বারা করা হয়ে থাকে যেগুলি (1) যে নির্দিষ্ট উদ্দেশ্যের জন্য ব্যবহৃত হয়, তার জন্য বৈধতাপ্রাপ্ত হয়েছে, (2) প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তিদের দ্বারা পরিচালিত, এবং (3) শিক্ষাগত প্রয়োজনের নির্দিষ্ট এলাকা সন্ধান করার উদ্দেশ্যে প্রস্তুত, যাতে এর ফলাফল দ্বারা আপনার সন্তানের শিক্ষাগত প্রবণতা ও যোগ্যতার স্তর সঠিকভাবে অনুধাবন করা সম্ভব হয়;

- পরের পৃষ্ঠা দেখুন -

- (i) আপনার সন্তানের মূল্যায়ন বিষয়ে কোনো তথ্য জানা থাকলে সেটিও তার যোগ্যতা মূল্যায়ন প্রক্রিয়ার অংশরূপে বিবেচিত হওয়ার জন্য পেশ করুন;
- (j) মূল্যায়ন এবং প্রতিস্থাপনের সিদ্ধান্ত বিভিন্ন সূত্র ও তথ্যের ভিত্তিতে অতি যত্ন সহকারে বিবেচিত হয়। এই বিষয়ে সিদ্ধান্ত, সিদ্ধান্তগ্রহণের তারিখ ও প্রতিস্থাপন ব্যবস্থা বিষয়ে সকল তথ্য এমন ব্যক্তিদের দ্বারা অনুবাদ করিয়ে নিন যারা আপনার সন্তান বিষয়ে সব কিছু জানেন’;
- (k) আপনার সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন এবং প্রতিস্থাপন বা প্লেসমেন্ট সম্পর্কিত সকল সঙ্গত রেকর্ড বা দলিল পরীক্ষা করে দেখুন এবং স্বল্প মূল্যে সেগুলির কপি সংগ্রহ করুন, যদি না এর মাগুলের কারণে রেকর্ড সংগ্রহ করতে অসমর্থ হন;
- (l) আপনার সন্তানের শিক্ষাগত রেকর্ডগুলি সংশোধন করার অনুরোধ করুন, যদি এমন কথা বিশ্বাস করার সঙ্গত কারণ থাকে যে সেগুলি ত্রুটিপূর্ণ, ভুল ধারণা উদ্বেককারী অথবা আপনার সন্তানের গোপনীয়তার অধিকারকে লঙ্ঘন করে;
- (m) আপনার সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন, শিক্ষাগত ব্যবস্থা বা প্রতিস্থাপন বিষয়ে পাবলিক স্কুলের গৃহীত সিদ্ধান্ত বা কার্যবিধি বিষয়ে একটি নিরপেক্ষ শুনানীর জন্য অনুরোধ করুন। নিরপেক্ষ শুনানী বিষয়ে আপনার লিখিত আবেদন এখানে পাঠাতে হবে :

Office of Impartial Hearings
131 Livingston Street, Room 201
Brooklyn, NY 11201

(যদিও লিখিত আবেদন জানাতে হবে, লিখিত আবেদন প্রস্তুত করার ব্যাপারে আপনার যদি কোনো প্রশ্ন থাকে আপনি অফিস অফ ইমপার্শিয়াল হিয়ারিং (Office of Impartial Hearings) এ (718) 935-3280 নম্বরে ফোন করতে পারেন);

- (n) নিরপেক্ষ শুনানীর ফলে কোনো প্রতিকূল সিদ্ধান্ত নেওয়া হয়ে থাকলে তার পুনরীক্ষণ করার অনুরোধ (আপীল) করতে পারেন;
- (o) অভিযোগ, মধ্যস্থতা, নিরপেক্ষ শুনানী এবং আপীলের ব্যবস্থা করুন;
- (p) ছাত্র বা ছাত্রীর স্থাপনা বা প্লেসমেন্টের ব্যাপারে কোনো গুরুত্বপূর্ণ পরিবর্তন (যার মধ্যে দশ দিনের বেশী বরখাস্ত করা অন্তর্ভুক্ত) হলে তার পূর্বে প্লেসমেন্টের যাচাই এবং পুনরীক্ষণ; এবং,
- (q) অন্যথায় নিয়মিত শিক্ষাগত অনুষ্ঠানে যোগদান করুন এবং সকল প্রকার স্বাচ্ছন্দ গ্রহণ করুন এবং/অথবা প্রতিবন্ধী আইন (Disabilities Act), এর 504 ধারা, ও সেইসঙ্গে যুক্তরাষ্ট্র, রাজ্য ও শহরের বিভিন্ন আইন অনুসারে সাহায্য লাভ করুন।

প্রতিবন্ধী পিতামাতাও তাদের সন্তানদের শিক্ষা সম্পর্কিত পাবলিক স্কুলের যে কোনো ক্রিয়া কলাপে অংশগ্রহণের জন্য সঙ্গত স্বাচ্ছন্দ ও সুব্যবস্থা পেতে পারেন (তাদের সন্তানরা প্রতিবন্ধী হোক বা না হোক)।